বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।

গোপনীয়

শৃঙ্খলা ও আপিল বিভাগ।

নং প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৭৭৭(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/ ২৫৫২

তারিখঃ ০৪.১২.২০২৩ খ্রিঃ

## কর্মীসংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোর্তজা আলী(এম-৩৯১৫),কর্মকর্তা(সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মূলঘর শাখা, রাজবাড়ী, ইতোপূর্বে একই অঞ্চলাধীন, বিকেবি, রাজবাড়ী শাখায় পরিদর্শক / কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক),(খ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি এবং চুরি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য ০৪/২২-২৩ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া এ বিভাগের ২১.০৮.২০২২ খ্রিঃ তারিখে প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৭৭৭(শৃঙ্খলা) /২০২২-২০২৩)/৫৯০ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার প্রাপ্তি স্বীকারপূর্বক জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের নিমিত্ত তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোর্তজা আলী আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা,২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকুরি হইতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হইতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করা হইবে না-এইমর্মে এই বিভাগের ১৯.০৭.২০২৩ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৭৭৭(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২২৭ নম্বর কর্মীসংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোর্তজা আলী এই বিভাগে ১৯.০৭.২০২৩ খ্রিঃ তারিখে উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোর্তজা আলী আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি এবং চুরি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদন্ড তথা চাকরি হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন ;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোর্তজা আলী আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক চাকুরি হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোর্তজা আলী(এম-৩৯১৫)
কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মূলঘর শাখা
রাজবাড়ী।

স্বাক্ষরিত
(মোহাঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

---

নং প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৭৭৭(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/ ২৫৫২ (৮)

তারিখঃ ০৪.১২.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
৬। উপমহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপমহাব্যবস্থাপক, ভিজিলেন্স স্কোয়াড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মীসংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
১১। ব্যবস্থাপক, বিকেবি, মূলঘর শাখা, রাজবাড়ী। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোর্তজা আলী এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। ব্যবস্থাপক, বিকেবি, রাজবাড়ী শাখা, রাজবাড়ী।
১৩। নথি/মূলনথি/মহানথি।

(মোঃ আবু রায়হান)
সহকারী মহাব্যবস্থাপক

D:\MUJIB.2020\Mujib.D.R(Anaounce).doc